উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৪- ৬৮ তারিখ ঃ ১৫/০১/২০২৪ খ্রি.

সভার নোটিশ

আগামী ২২ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার, দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

২২/১/২০২৪
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল মতিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ | : | ২২/০১/২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা। |

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৪/১২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তিনটি প্রজেক্টের মাধ্যমে রাস্তার কাজ চলমান রয়েছে। ৮০০ কিঃমিঃ এর মধ্যে মাত্র ৩২৫ কিঃমিঃ রাস্তার কাজ বাস্তবায়ন হয়েছে।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন আগামী ০৫ বছরের মধ্যে ১২ টি ইউনিয়নের ১১৭ টি ওয়ার্ডের রাস্তার বেহাল দশা থেকে মুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে কাজ করব। এছাড়া এলজিইডির পুরো ৮০০ কিঃমিঃ রাস্তার কাজ শেষ করতে হবে। | উপজেলা এলজিইডি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন হাসপাতালে কোন এক্সরে মেশিন নেই, মেশিনের জন্য এডিপি থেকে বরাদ্দ নিতে হবে। এছাড়া জরাজীর্ণ ০৪ টি আরডি মেরামত করতে হবে। পাশাপাশি ধানীখোলা আরডি এর ৭৭ শতাংশ জায়গা দখলে আনার জন্য সহকারি কমিশনার (ভূমি) কে ব্যবস্থা নিতে বলেন। | এক্সরে মেশিন ক্রয়ের জন্য এডিপি থেকে বরাদ্দ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মাছ চাষের ক্ষেত্রে ত্রিশালে প্রধান সমস্যা জলাবদ্ধতা। তাছাড়া আমাদের দেশের খাদ্য কোম্পানীগুলো প্রতিনিয়ত তাদের খাদ্যের দাম বাড়িয়ে যাচ্ছে। এ | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | ব্যাপারে নবনির্বাচিত মাননীয় সংসদ জনাব এবিএম আনিছুজ্জামান মহোদয়কে পদক্ষেপ গ্রহণের জন্য এবং সংসদে বক্তব্য রাখার জন্য অনুরোধ জানানো হয়।<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় বলেন মৎস্য খাতের জন্য যা যা করার দরকার তা তিনি সংসদে উপস্থাপন করবেন। পাশাপাশি মৎস্য চাষীদের নীতিমালার মধ্যে থাকতে বলেন। ১০ ফিট পাড় রেখে ফিশারি করতে হবে। স্ব স্ব ইউনিনের চেয়ারম্যানদের মাধ্যমে নোটিশ করে ফিশারি মালিকদের নিয়ে বৈঠক করতে বলেন। মৎস্য অফিসারকে প্রতিটি ফিশারি ভিজিট করতে বলেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেন। তাছাড়া আগামী বর্ষার আগে কোনাবাড়ী এলাকার পানি নামানোর ব্যবস্থা করতে বলেন। | ফিশারি ভিজিট করে কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার এবং আগামী বর্ষার আগে কোনাবাড়ী এলাকার পানি নামানোর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে,ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে প্রাণীসম্পদ প্রর্দশনী ২০২৪ অনুষ্ঠিত হবে উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাণীসম্পদ দপ্তরের যৌথ সহযোগীতায়। উপজেলা পরিষদের সকল সদস্য ও মাননীয় এমপি মহোদয় উপস্থিত থাকার ইচ্ছা ব্যক্ত করেছেন। পিপিআর রোগ নির্মূলের জন্য বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান করা হবে। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সহযোগীতা কামনা করছি।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন পিপিআর রোগ নির্মূলে সবাইকে সচেষ্ঠ থাকতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,ত্রিশাল উপজেলায় ১৮১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। জানুয়ারী ১ তারিখে ত্রিশাল উপজেলায় সকল ধরনের প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে উপবৃত্তি কার্যক্রম চলমান রয়েছে। অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন হয়েছে। নতুন শিক্ষা কারিকুলাম বাস্তবায়নের কাজ চলছে । কারিকুলাম বাস্তবায়নে ৭ দিন ব্যাপী শিক্ষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রতিষ্ঠান প্রধানগণের প্রশিক্ষনের প্রস্তুতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং চলমান।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>ত্রিশাল উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে মাঠপর্যায়ে পরিবার পরিকল্পনার অস্থায়ী পদ্ধতি, দীর্ঘমেয়াদী পদ্ধতি ও স্থায়ীপদ্ধতি সেবা কার্যক্রমের পাশাপাশি সাধারণ রোগী সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, কিশোর কিশোরী সেবা ও বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সেবা চালু রয়েছে। ত্রিশাল উপজেলা ধানীখোলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রটিকে মডেল কেন্দ্র হিসেবে ঘোষনা করা হয়েছে। সেখানে ২৪/৭স্বাভাবিক প্রসব সেবা চালু রয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | <u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপনা বিভাগ কর্তৃক টি আর কাবিখা/কাবিটা এর ১ম ও ২য় পর্যায়ের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে।<br>অত্র দপ্তরের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী এর ৪০ দিনের কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। শ্রমমঞ্জুরীর বিল প্রকল্প পরিচালকের বরাবরে পাঠানো হয়েছে। আশা করছি অতি দ্রুত বিল ছাড় হবে।<br>অত্রদপ্তরের অধীন ২০২৩-২৪ ইং অর্থ বছরে উপজেলায় (০৩) তিন কিলোমিটার এইচ বি বি রোডের কাজ চলমান রয়েছে।<br><br>মাননীয় সংসদ সদস্য মহোদয় সভায় বলেন টিআর কাবিখা এর কোন কাজ সাইনবোর্ড ছাড়া করা যাবেনা। সচ্ছতা থাকতে হবে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>টিআর কাবিখা এর কোন কাজ সাইনবোর্ড ছাড়া না করার এবং কাজে সচ্ছতা থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | <u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :</u><br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লি) কর্মসূচী : ২০২৩/২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ১২ টি ইউনিয়নে ডিসেম্বর/২০২৩ মাসের ২৮২৪ জন উপকার ভোগীর মধ্যে খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। জানুয়ারী/২০২৪ মাসের খাদ্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিও জারী করা হবে।<br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচী: মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৩/২০২৪ অর্থ বছরে পৌরসভা এবং প্রত্যেক ইউনিয়নে নির্ধারিত কোঠা অনুযায়ী ডিসেম্বর/২০২৩ পর্যন্ত উপকার ভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে । জানুয়ারী/২০২৪ মাসের উপকার ভোগী নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে। নির্ধারিত তারিখ (২০তারিখ) উপজেলা আইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে ইউনিয়ন চেয়ারম্যান ও পৌরসভাকে। ।<br>৩। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন পকল্প : কিশোর- কিশোরী ক্লাব স্থাপন পকল্পের আওতায় ২০২৪ সালের ৪র্থ ব্যাচের ১৩ টি ক্লাবে প্রশিক্ষন চলমান<br>বিভাগীয় অন্যন্যা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | <u>উপজেলা সমবায় বিভাগ ঃ</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | <u>উপজেলা বন বিভাগ :</u><br>ফরেস্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের যুব ঋণ ও প্রশিক্ষন কার্যক্রম সহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারিতি চলমান আছে চলতি অর্থবছরের প্রশিক্ষন কার্যক্রমের আওতায় ৮ম ব্যাচ চলমান আছে । যানবাহন প্রশিক্ষন সহ বেশ কিছু ট্রেডে প্রশিক্ষনের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। মাসিক সাধারন সভায় এ ব্যাপারে অবগত করানো হয়। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলার বি আর ডিবি কার্যক্রম সাভাবিক ভাবে চলছে। অত্র উপজেলায় বিগত ২১/১১/২০২৩ তারিখে যোগদান করি। অত্র সভায় উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাসহ উপস্থিত সকল জন প্রতিনিধির নিকট সহযোগীতা কামনা করছি।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আইসিটি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা,<br>পল্লী জীবিকায়ন<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | বিবিধ ঃ<br>অত্র উপজেলাধীন বালিপাড়া ইউনিয়নে বালিপাড়া বাজার উন্নয়নের লক্ষ্যে এলজিইডি কর্তৃক সারা দেশ ব্যাপী বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় "ভবন নির্মান" করা হলে অত্র এলাকার বিভিন্ন পেশার জনগন এর উন্নয়নে সুবিধাপ্রাপ্তিতে এক অনন্য ভূমিকা রাখবে। এই বিষয়ে পরিষদের সকল সদস্য একমত পোষন করলে তা পরবর্তী ব্যবস্থা গ্রহনে সহায়ক হবে। | উপজেলা প্রকৌশলীকে পরবর্তী ব্যবস্থা গহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/2/24

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

ারক নং-০৫ ৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৪-                                                                                    তারিখ : ২২/০১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

৮। উপজেলা ------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।

৯। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

22/1/2024

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।